

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

(প্রজ্ঞাপন)

তারিখঃ ১৬-০৬-১৯৯৬ ইং। ০২-০৩-১৪০৩ বাং।

এস.আর.ও নং-৯৯-আইন/৯৬/১৬৬২/শুল্ক।— Customs Act, 1969 (IV of 1969) এর section 219 G প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত আইনের section 95 এর sub-section (2) এর clause (b) এর মর্মানুযায়ী National Board of Revenue নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

- ১। সংক্ষিপ্ত শিরনামা।— এই বিধিমালা সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান (স্থানীয় বাজারে বিক্রয়) বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা,—
  - (ক) “আইন” অর্থ Customs Act, 1969 (IV of 1969);
  - (খ) “কাঁচামাল” অর্থ কোন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানীর লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানীকৃত কাঁচামাল;
  - (গ) “ফরম” অর্থ সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ এর সহিত সংযোজিত ফরম;
  - (ঘ) “বন্ডদাতা” অর্থ আইনের section 86 এর অধীন bond প্রদানকারী ব্যক্তি;
  - (ঙ) “শিল্প প্রতিষ্ঠান” অর্থ সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান যাহা উহার পণ্য উৎপাদনের জন্য কাঁচামাল আমদানী করে এবং উক্ত কাঁচামাল দ্বারা রপ্তানীর উদ্দেশ্যে পণ্য উৎপাদন করিয়া থাকে।
  - (চ) “সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান” এমন কোন শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানী করে এবং উক্ত পণ্যের কোন অংশ দেশের অভ্যন্তরে ব্যবহার বা ভোগের জন্য সরবরাহ করে না।
- ৩। রপ্তানীর জন্য উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়।— (১) কোন শিল্প প্রতিষ্ঠান তৎকর্তৃক উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয় করিতে চাহিলে বন্ডদাতা সংশ্লিষ্ট কাষ্টম হাউস বা কমিশনারেটের নিকট এই মর্মে আবেদন করিবেন। (২) কমিশনার উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করিয়া, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে, আবেদনপত্রে উলিখিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়ের অনুমতি প্রদান করিতে পারিবেন, যথাঃ—
  - (খ) এইরূপ পণ্যের পরিমাণ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পূর্ববর্তী আর্থিক বৎসরে রপ্তানীকৃত একই পণ্যের ২০% এর বেশী হইবে না;
  - (গ) এইরূপ পণ্যের প্রতিটি চালান ex-bond bill of entry এর মাধ্যমে খালাস করিতে হইবে।

- (ঘ) আইনের section 95 এর sub-section (2) এর clause (b) এর বিধান অনুসারে উক্ত পণ্যের উপর প্রদেয় সমুদয় শুল্ক, কর, ফি ইত্যাদি উক্ত পণ্য ওয়্যারহাউস হইতে খালাসের পূর্বে সম্পূর্ণরূপে পরিশোধ করিতে হইবে।
- (ঙ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানীকৃত একই পণ্যের সর্বশেষ এফ,ও,বি (FOB) মূল্য শুল্কায়নের জন্য মূল্য হিসাবে গৃহীত হইবেঃ

তবে শর্ত থাকে যে, সম্পূর্ণ রপ্তানীমুখী জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানীকৃত একই পণ্যের সর্বশেষ এফ ও বি মূল্য ৩০% হারে অবনমিত করিয়া নির্ণিত মূল্য শুল্কায়নযোগ্য মূল্য হিসাবে গৃহীত হইবে।

- ৪। **বিক্রয়কৃত পণ্য ও কাঁচামালের বিবরণ সংরক্ষণ।**— (১) বিধি ৩ এর অধীন স্থানীয় বাজারে বিক্রয়কৃত পণ্যের এবং উক্ত উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের বিবরণ ফরমে যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে।
- (২) আইন অনুযায়ী বন্ডেড ওয়্যারহাউসে যে সকল রেজিষ্টার ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করা হয়, উহাতেও অনুরূপ বিক্রয়ের বিবরণ লিপিবদ্ধ করিতে হইবে।
- ৫। **অন্যান্য শর্তাদির প্রয়োগ।**— সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানী) বিধিমালা, ১৯৯৩ এ বর্ণিত সকল শর্ত ও পদ্ধতি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন পণ্য বিক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- ৬। **কমিশনার কর্তৃক আদেশ প্রদানের ক্ষমতা।**— এই বিধিমালা কার্যকরী করার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর, প্রয়োজন অনুযায়ী, আদেশ জারী করিতে পারিবেন।

বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(কাজী শহীদুল হক)

প্রথম সচিব (শুল্ক-রপ্তানী ও বন্ড)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

\* ২৮/৭/৯৬ তারিখের ১৪০-আইন/৯৬/১৬৭/শুল্ক, ১৩/১/৯৭ তারিখের ২৩-আইন/৯৭/১৬৯৫/ শুল্ক এবং ২০/১০/৯৭ তারিখের ২৪৪-আইন/৯৭/১৭২৬/শুল্ক নম্বর প্রজ্ঞাপন দ্বারা সংশোধিত।